ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩২০৭

আগরতলা, ১৩ অক্টোবর, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের**
**কাজকর্ম পর্যালোচনা করলেন পঞ্চায়েত মন্ত্রী**

আজ সোনারতরী সরকারি অতিথিশালায় পঞ্চায়েত দপ্তরের পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ সভাপতিত্ব করেন। পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে পশ্চিম ত্রিপুরা জেলায় ত্রিস্তর পঞ্চায়েতে কি কি উন্নয়নমূলক কাজ রূপায়ণ করা হয়েছে এবং অব্যয়িত অর্থ ব্যয়ে কি কি পরিকল্পনা রূপায়ণ করা হবে এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পর্যালোচনা সভায় পঞ্চায়েত মন্ত্রী পশ্চিম ত্রিপুরা জেলায় গ্রামীন জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে এবং পরিকাঠামো উন্নয়নে আগামী তিন মাসে কি কি কর্মসূচি রূপায়ণ করতে হবে তা দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। তিনি বলেন, তিন মাস পর পরবর্তী পর্যালোচনা বৈঠকে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের সাফল্য পর্যালোচনা করা হবে।

আজ এই পর্যালোচনা সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, বিধায়ক মীনারাণী সরকার, জিলা পরিষদের সদস্য, পঞ্চায়েত সমিতি ও বিএসি’র চেয়ারম্যানগণ, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, বিভিন্ন ব্লকের বিডিওগণ এবং পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা ও আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

******